দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 3 0 MAR 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৮...

# সার্বিক উন্নয়নে লিঙ্গবৈষম্য দূরীকরণ অপরিহার্য

## ঢাবিতে আন্তর্জাতিক সম্মেলনে বক্তারা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

লিঙ্গ বৈচিত্র্য বিষয়ক এক সম্মেলনে বক্তারা বলেছেন, লিঙ্গ বৈষম্য দূরীকরণ ও সমতা প্রতিষ্ঠা একটি দেশের সার্বিক উন্নয়নের পূর্বশর্ত হিসেবে কাজ করে। তাই লিঙ্গ বৈষম্য দূরীকরণ ও সমতা প্রতিষ্ঠা করতে না পারলে বিশ্বের যেকোন দেশের সার্বিক উন্নয়ন সম্ভব হবে না। তবে লিঙ্গ বৈষম্য দূরীকরণ ও সমতা প্রতিষ্ঠার ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলছে। এ ব্যাপারে বর্তমান ক্ষমতাসীন সরকারও আন্তরিক।

গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে তিনদিনব্যাপী 'লিঙ্গ বৈচিত্র্য এবং উন্নয়ন' শীর্ষক এক আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের উদ্যোগে এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ইউএসএইড বাংলাদেশ, ইউনিসেফ বাংলাদেশ, মানুষের জন্য ফাউন্ডেশন, কেয়ার বাংলাদেশ, জেন্ডার এন্ড ওয়াটার প্রোগ্রাম বাংলাদেশ এবং এনআরবি গ্লোবাল ব্যাংকের সহযোগিতায় এ সম্মেলন অনুষ্ঠিত হয়। শুক্রবার শুরু হয় এ সম্মেলন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ও সম্মেলনের আহ্বায়ক তানিয়া হকের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো অধ্যাপক ড. রওনক জাহান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এওয়াইএম গোলাম কিবরিয়া, ইংরেজি পত্রিকা ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী শাহীন আনাম। অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা থাকলেও অনিবার্য কারণে উপস্থিত হতে পারেননি তিনি।

ড. রওনক জাহান বলেন, লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং সমতা প্রতিষ্ঠা নিয়ে জীবনের শুরু থেকে কাজ করে যাচ্ছি আমি। ভবিষ্যতেও এটা অব্যাহত রাখতে চাই।

এওয়াইএম গোলাম কিবরিয়া বলেন, লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে বিগত চার বছর যাবৎ কাজ করে যাচ্ছে দেশের ক্ষমতাসীন সরকার। যা আগে ছিল না। এ ব্যাপারে সরকার প্রধান শেখ হাসিনা ইতিবাচক সাড়া দেন বলে তিনি উল্লেখ করেন।

মাহফুজ আনাম বলেন, দেশের সার্বিক উন্নয়নে লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং সমতা প্রতিষ্ঠা অতীব প্রয়োজন। বিষয়টি নিয়ে দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এসময় তিনি এদেশের মিডিয়া এসব সমস্যা দূরীকরণে সক্রিয় অংশগ্রহণ করে বলে উল্লেখ করেন।

শাহীন আনাম বলেন, 'মানুষের জন্য ফাউন্ডেশন' সংগঠনটি লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশে নানা কাজ করে যাচ্ছে।

প্রসঙ্গত, তিন দিনব্যাপী এ সম্মেলনে বাংলাদেশ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস, ভারত, পাকিস্তানসহ বিভিন্ন দেশের ৫ শতাধিক গবেষক, সমাজবিজ্ঞানী, শিক্ষক, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষার্থী, নারী আন্দোলন কর্মী অংশগ্রহণ করেন। সম্মেলনের শেষ দিনে তিনটি প্যারোল সেশন অনুষ্ঠিত হয়।